## প্রধানমন্ত্রী এবং ফ্রান্সের প্রেসিডেন্ট ITER ফেসিলিটি পরিদর্শন করেন (12 ফেব্রুয়ারি, 2025)

12 ফেব্রুয়ারি, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং ফ্রান্সের প্রেসিডেন্ট মহামহিম শ্রী ইমানুয়েল ম্যাক্রঁ কাদারাশে আন্তর্জাতিক থার্মোনিউক্লিয়ার এক্সপেরিমেন্টাল রিঅ্যাক্টর [ITER] পরিদর্শন করেন। ITER-এর ডিরেক্টর জেনারেল দুই নেতাকে স্বাগত জানান। এই প্রথম কোনও রাষ্ট্রপ্রধান বা সরকার প্রধান ITER পরিদর্শন করলেন - এটি হল আধুনিক বিশ্বের সবচেয়ে উচ্চাভিলাষী ফিউশন এনার্জি প্রকল্পগুলির মধ্যে অন্যতম।

2. সফরের সময়, উভয় নেতাই ITER-এর অগ্রগতির প্রশংসা করেন, যেখানে বিশ্বের বৃহত্তম টোকামাক-এর সংগ্রহ রয়েছে এবং এখানে প্লাজমা উৎপাদন, ধারণ ও নিয়ন্ত্রিত পদ্ধতিতে দহনের মাধ্যমে 500 মেগাওয়াট ফিউশন শক্তি উৎপাদন করা হবে। এই প্রকল্পে কাজ করা ITER ইঞ্জিনিয়ার এবং বিজ্ঞানীদের অক্লান্ত পরিশ্রমের প্রশংসা করেন নেতারা।

3. গত দুই দশকেরও বেশি সময় ধরে এই প্রকল্পে যে সাত ITER সদস্য অবদান রেখেছে, ভারত তাদের অন্যতম। প্রায় 200 ভারতীয় বিজ্ঞানী ও সহযোগী, এবং L&T, আইনক্স ইন্ডিয়া, TCS, TCE, HCL টেকনোলজিসের মতো ইন্ডাস্ট্রির কিছু উল্লেখযোগ্য অগ্রণী সংস্থা ITER প্রকল্পের সাথে যুক্ত।

মার্সেই

12 ফেব্রুয়ারি, 2025